ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১০৮০

আগরতলা,৬ জুন,২০২৫

**ঈদ-উল-জোহা উপলক্ষ্যে রাজ্যপালের শুভেচ্ছা**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ঈদ উল জোহা উপলক্ষ্যে রাজ্যবাসীর প্রতি আন্তরিক শুভেচ্ছা ও শুভকামনা জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় তিনি বলেন, ‘ঈদ-উল-জোহা অথবা ঈদ-আল-আদ্‌হা, সাধারণত বকরিদ নামে পরিচিত, যা আনুগত্য ও ত্যাগের উৎসব। এটি ইসলাম ধর্মাবলম্বীদের নিকট দ্বিতীয় সর্ববৃহৎ উৎসব। এই উৎসব সর্বশক্তিমান আল্লাহের প্রতি ভক্তির প্রতীক। তাছাড়া এটি মুসলমানদের হজ যাত্রা সম্পন্ন হওয়ার বার্তাও বয়ে নিয়ে আসে। ঈদ-আল-আদ্‌হা উৎসব ত্যাগের প্রতীক। এই উৎসবের অন্যতম অংশ হলো কোরবানি। ইসলামিক ক্যালেন্ডার অনুযায়ী এই উৎসবটি ধু-আল-হিজা মাসের দশম দিন পালন করা হয়। এই দিনে মুসলিম সম্প্রদায়ের লোকজন নতুন কাপড় পরিধান করে মসজিদে যান এবং আল্লার প্রতি শান্তি ও সমৃদ্ধির প্রার্থনা করেন।’

শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল আশা প্রকাশ করেন এই উৎসব রাজ্যের জনগণের জন্য আনন্দ, ভালোবাসা, সুখ, সমৃদ্ধি, শান্তি, সৌভ্রাতৃত্ববোধ বয়ে নিয়ে আসবে।

*****